গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-১৪ (কারিগরি-৩)
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

নং-৫৭.০০.০০০০.০৫৭.০৪.০০৯.১৮- ৯৫৬

তারিখঃ ২০ কার্তিক, ১৪২৫
০৪ নভেম্বর, ২০১৮

প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ঝালকাঠি টেকনিক্যাল স্কুল ও কলেজ এর ইনস্ট্রাক্টর (ড্রেসমেকিং এন্ড টেইলারিং) জনাব মো: ইউনুছ আলী সরকার তার বদলির জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের যুগ্মসচিব (কারিগরি), ড. মো: ওমর ফারুক-কে অবৈধভাবে টাকা প্রদানের চেষ্টা করেন। উক্ত অভিযোগে তার বিরুদ্ধে মামলা নং ৩১/২০১৮ দায়ের করা হয় এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করে জনাব মো: ইউনুছ আলী সরকার এর বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে জনাব মো: ইউনুছ আলী সরকার এর দাখিলকৃত জবাব এবং বিগত ২১/০৬/২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানি পর্যালোচনায় তা সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তের জন্য জনাব মো: আব্দুর রহিম, উপসচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০২। এক্ষণে, গত ১৮/০৪/২০১৮ তারিখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ জারী হওয়ায় এ বিধিমালার বিধি ২৮(২)(খ) অনুযায়ী জনাব মো: ইউনুছ আলী সরকার এর বিরুদ্ধে দায়েরকৃত মামলাটি নিষ্পত্তির কার্যক্রম শুরু হয়।

০৩। তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মো: ইউনুছ আলী সরকার, ইনস্ট্রাক্টর (ড্রেসমেকিং এন্ড টেইলারিং), ঝালকাঠি টেকনিক্যাল স্কুল ও কলেজ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৪(ক) অনুযায়ী লঘুদন্ডের আওতায় বিধি ৪(২)(খ) অনুযায়ী ১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ১ (এক) বছরের জন্য স্থগিত করা এবং পরবর্তীতে স্থগিতকৃত বেতন বৃদ্ধি বকেয়া হিসেবে প্রাপ্য হবে না মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৪। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(ক) অনুযায়ী লঘুদন্ডের আওতায় বিধি ৪(২)(খ) অনুযায়ী জনাব মো: ইউনুছ আলী সরকার, ইনস্ট্রাক্টর (ড্রেসমেকিং এন্ড টেইলারিং), ঝালকাঠি টেকনিক্যাল স্কুল ও কলেজ এর ১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ১ (এক) বছরের জন্য স্থগিত করা হলো। পরবর্তীতে স্থগিতকৃত বার্ষিক বেতন বৃদ্ধি বকেয়া হিসেবে প্রাপ্য হবে না।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৪-১১-২০১৮

(মোঃ আলমগীর)
সচিব
ফোন: ৯৫৮২২২১
ই-মেইল: secretary@tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৫১.০৪.০০৯.১৮-১৫৬/(৯)

তারিখঃ ২০ কার্তিক, ১৪২৫
০৪ নভেম্বর, ২০১৮

অনুলিপিঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (জনাব মো: ইউনুছ আলী সরকার এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।

২। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। মাননীয় প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, ঢাকা।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, ঢাকা।

৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫-পুরানা পল্টন, ঢাকা।

৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৭। অধ্যক্ষ, ঝালকাঠি টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঝালকাঠি।

৮। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, ঝালকাঠি।

৯। জনাব মো: ইউনুছ আলী সরকার, ইনস্ট্রাক্টর (ড্রেসমেকিং এন্ড টেইলারিং), ঝালকাঠি টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঝালকাঠি।

০৪/১১/১৮

মো: আব্দুর রহিম
উপসচিব (কারিগরি-৩)

কারিগরি শিক্ষা, সমৃদ্ধ বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও , শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৪৫.০০১.১৮.১৪৩৭

তারিখ: ৩০ কার্তিক ১৪২৫
১৪ নভেম্বর ২০১৮

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.০৪.০০৯.১৮-১৫৬/(৯) তারিখ: ০৪ নভেম্বর, ২০১৮ মোতাবেক ঝালকাঠী টেকনিক্যাল স্কুল ও কলেজের ইনষ্ট্রাক্টর (ড্রেসমেকিং এন্ড টেইলারিং) জনাব মোঃ ইউনুছ আলী সরকার এর ১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ১(এক) বছরের জন্য স্থগিত করণ সংক্রান্ত প্রজ্ঞাপনটি পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে পৃষ্ঠাংকণ করা হলো।

১৫-১১-২০১৮
মোঃ অহিদুল ইসলাম
পরিচালক

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৪৫.০০১.১৮.১৪৩৭/১

তারিখ: ৩০ কার্তিক ১৪২৫
১৪ নভেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১) পরিচালক, প্রশাসন অনুবিভাগ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২) অধ্যক্ষ, ঝালকাঠী টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঝালকাঠী।
৩) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৪) সহকারী পরিচালক , শাখা-০৭ (ভোকেশনাল ), কারিগরি শিক্ষা অধিদপ্তর
৫) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঝালকাঠী।
৬) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল , কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৭) ব্যক্তিগত সহকারী , মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮) জনাব মোঃ ইউনুছ আলী সরকার, ইনস্ট্রাক্টর (ড্রেসমেকিং এন্ড টেইলারিং), ঝালকাঠী টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঝালকাঠী।
৯) সংরক্ষণ নথি।

১৫-১১-২০১৮
মোহাম্মদ সাজজাদ মুফতী
সহকারী পরিচালক